মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

"ছাড়পত্রের আবেদন ফরম"

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

বিষয়ঃ ছাড়পত্রের মাধ্যমে ভর্তির জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি বর্তমানে .... কলেজের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। নিম্নবর্ণিত কারণে আমি .... কলেজে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে ইচ্ছুক। অনুগ্রহ পূর্বক আমাকে ছাড়পত্র প্রদান করে ভর্তির অনুমতি দানে মর্জি হয়।

আমার প্রয়োজনীয় তথ্য নিম্নে প্রদান করা হলো :

০১। আবেদনকারীর নাম : ....

০২। (ক) পিতার নাম : ....

(খ) মাতার নাম : ....

০৩। বর্তমান কলেজের নাম : ....কলেজ কোড.............. EIIN ....

ডাকঘরঃ ....উপজেলাঃ ....জেলাঃ ....

বিভাগ .... শ্রেণী .... রোল নম্বর .... শিক্ষাবর্ষ ....

০৪। ভর্তিচ্ছু কলেজের নাম : .... কলেজ কোড.............. EIIN ....

ডাকঘরঃ ....উপজেলাঃ ....জেলাঃ ....

০৫। অধ্যয়ণরত পাঠ্য বিষয় :

১) বাংলা ২) ইংরেজী ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ৪) .... ৫) ....

৬) ....৭) ....(৪র্থ বিষয়)।

০৬। এস.এস.সি পাশের রোল নং .... রেজিস্ট্রেশন নং- ....পাশের সন ....

প্রাপ্ত জিপিএ................ বোর্ড ....

০৭। ছাড়পত্র গ্রহণের কারণ : (অভিভাবক-এর বদলী/অনিবার্য/যুক্তিগ্রাহ্য কারণের প্রামাণ্য কাগজপত্র আবেদনের সঙ্গে যুক্ত করতে হবে)।

০৮। জমাকৃত সোনালী সেবার রশিদ নং- .... তারিখঃ .... শাখার নাম ....

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর :

বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

আবেদনকারী অত্র কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে অধ্যয়নরত একজন নিয়মিত শিক্ষার্থী। ৫নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এই বোর্ডে তার নাম রেজিস্ট্রেশনের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোমধ্যে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য বোর্ডের আওতাধীন অন্য কোন কলেজ থেকে তার নাম রেজিস্ট্রেশনের জন্য বোর্ডে প্রেরণ করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট অত্র কলেজে সংরক্ষিত আছে।
প্রত্যায়িত বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু ও মূল ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং- .... অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

অত্র কলেজে .... শাখায় ২০২০-২০২১ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে বোর্ড কর্তৃক .... আসন বরাদ্দের বিপরীতে .... জন অধ্যয়নরত আছে এবং ভর্তির ক্ষেত্রে ন্যুনতম জিপিএ প্রাপ্তির শর্ত পুরণ হয়েছে বিধায় ক্রমিক-১ এ বর্ণিত শিক্ষার্থী .... তম শিক্ষার্থী হিসেবে ৫ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ ছাড়পত্র প্রদানের জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের মোবাইল নং- .... অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

বিশেষ দ্রষ্টব্যঃ ৫ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ শিক্ষার্থী যে কলেজে প্রথম ভর্তি হয়েছে সে কলেজই তার রেজিস্ট্রেশনের ব্যবস্থা গ্রহণ করবে; কোন অবস্থাতেই ছাড়পত্রের মাধ্যমে ভর্তি গ্রহণকারী কলেজ তার রেজিস্ট্রেশন করাতে পারবে না। উল্লেখ্য, ভিন্ন বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের ভর্তির পূর্বেই দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের অনুমতির ব্যবস্থা গ্রহন করতে হবে।

ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনাঃ

১। শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুনভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।

২। অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

৩। শিক্ষাবর্ষেরশুরুতে বোর্ড কর্তৃক নির্ধারিত আসন খালি থাকা/হওয়া সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করানো যাবে। ছাড়পত্রের মাধ্যমে কোন ভাবেই আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

৪। ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ আবেদন ফরমে তখনই সম্মতি প্রদান করবেন যখন শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ তাঁর কলেজে অভিন্ন আছে।

৫। প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিস্ট্রার তৈরী করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তাঁর প্রত্যয়নে রেজিস্ট্রারে শিক্ষার্থীর ক্রমিক নং উল্লেখ করবেন।

৬। ছাড়পত্র গ্রহণের স্বপক্ষে প্রামাণ্য কাগজপত্র আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৭। আবেদন ফরমের সাথে এসএসসি/সমমানের পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

৮। বদলী ইচ্ছুক কলেজে আসন শুন্য না থাকলে এবং ভর্তির ক্ষেত্রে নূন্যতম যোগ্যতা (জিপিএ) পূরণ না হলে অধ্যক্ষ ছাড়পত্রের আবেদন ফরমে কোনক্রমেই "আসন শুন্য নেই" মর্মে স্বাক্ষর করবেন না।

৯। আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ নির্ধারিত সময়ে বোর্ডের কলেজ পরিদর্শক এর দপ্তরে পৌছাতে হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে।

১০। ছাড়পত্রের অনুমতি ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত একাউন্ট নম্বরে অত্র বোর্ডের সচিব এর অনুকূলে জমা দিতে হবে।

১১। বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ১৫ (পনের) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করে বোর্ডকে অবহিত করতে হবে। উল্লেখ্য, ভিন্ন বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে আগত শিক্ষার্থীদের ভর্তির পূর্বেই দিনাজপুর শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের অনুমতির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং রেজিস্ট্রেশন ফি বাবদ (২০০/-) জমাকৃত সোনালী সেবার রশিদ পূরণকৃত এসআইএফ এবং সংশ্লিষ্ট বোর্ডের রেজিস্ট্রেশন কার্ডসহ যথারীতি বোর্ডে জমা দিতে হবে।

১২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজীবী পিতা বা মাতার বদলি জনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলির আদেশপত্র প্রদর্শন করে বোর্ড হতে ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে নতুন কর্মস্থল এলাকায় উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে, প্রতিষ্ঠানকে এ ধরনের ভর্তিকৃত শিক্ষার্থী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফিসহ একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

১৩। অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র ও সোনালী সেবার মাধ্যমে ফি জমাদানের রশিদ সহ আবেদন ফরম কলেজ শাখায় কলেজ পরিদর্শক এর নিকট হতে যাচাই করতে হবে। তারপর আবেদন ফরম কলেজ শাখায় জমা দিতে হবে।

১৪। শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতি আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে **www.dinajpureducationboard.gov.bd** এর **College Corner** (কলেজ সংক্রান্ত আদেশ) এ ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত শিক্ষার্থী তার নিজের আদেশটি **Print** করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে **TC** নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।